গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর

এবং

সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১৯

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ২০

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ২৩

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর জুলাই ২০১৭ হতে মার্চ ২০২০ পর্যন্ত ৯৭ লক্ষ ১৫ হাজার ৪৯৬টি মেশিন রিডেবল পাসপোর্ট(এমআরপি) এবং ৯ লক্ষ ৪২ হাজার ২৭০টি মেশিন রিডেবল ভিসা(এমআরভি) ইস্যু করে প্রায় ৩,২৫৮ কোটি টাকা রাজস্ব আয় করেছে। জার্মানির ভেরিডোজ কোম্পানির মাধ্যম জিটুজি পদ্ধতিতে আধুনিক প্রযুক্তি নির্ভর ই-পাসপোর্ট কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে গত ১৯ জুলাই ২০১৮ তারিখে জার্মান সরকারের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী গত ২২ জানুয়ারি ২০২০ তারিখে ই-পাসপোর্ট কার্যক্রম আনুষ্ঠানিকভাবে চালু করেন। ঢাকা শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে ২০১৯-২০২০ অর্থবছরে ৯টি ই-গেইট স্থাপন করা হয়েছে। ৪৮টি বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিসের নিজস্ব ভবন এবং পাসপোর্ট প্রিন্টিং এর জন্য পৃথক ইউনিট 'পার্সোনালাইজেশন কমপ্লেক্স' নির্মাণ সম্পন্ন হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র নির্দেশে বাংলাদেশ সেনাবাহিনী, বিজিবি, আনসার ও স্থানীয় প্রশাসনের সহযোগিতায় ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক বাংলাদেশ ভূখন্ডে আশ্রয়গ্রহণকারী মিয়ানমারের নাগরিক রোহিঙ্গাদের ০৪ জুন ২০১৮ পর্যন্ত ১১,১৮,৫৫৪ জনের বায়োমেট্রিক তথ্য নিবন্ধিত হয়েছে। মালয়েশিয়ায় বসাবসরত প্রবাসী বাংলাদেশিদের দ্রুততম সময়ে পাসপোর্ট প্রদানের লক্ষ্যে কুয়ালালামপুরে স্থাপিত পৃথক অফিসে অধিদপ্তরের জনবল প্রেরণ করে ১০ জানুয়ারি ২০১৮ হতে ২৯ ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত ২,৬৪,১৪০টি পাসপোর্ট প্রদান করা হয়েছে। ১৫টি মিশন/দূতাবাসে নবসৃষ্ট পাসপোর্ট ও ভিসা উইং এ অধিদপ্তরের ২৮ জন কর্মচারী পদায়ন করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

সীমিত আনুষঙ্গিক সুযোগ সুবিধার আওতায় যথাসময়ে এবং যথানিয়মে পাসপোর্ট ও ভিসা ইস্যু সেবা প্রদানসহ অন্যান্য কার্যাদি সম্পন্ন করা অধিদপ্তরের একটি বড় চ্যালেঞ্জ। এছাড়া, অধিকাংশ বাংলাদেশ মিশনে অধিদপ্তরের জনবল না থাকায় প্রবাসী বাংলাদেশিদের যথাসময়ে পাসপোর্ট সেবা প্রদানে সমস্যা হয়ে থাকে।

ভবিষ্যৎ পরিকল্পনা:

 দেশে ৬৯টি অফিস ও বিদেশস্থ ৮০টি মিশন হতে ই-পাসপোর্ট ইস্যুকরণ;
 ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্রের ভবন নির্মাণ;
 ই-ভিসা ও ই-টিপি চালুকরণ;
 পাসপোর্ট আইন এবং ইমিগ্রেশন আইন প্রণয়ন;
 ঢাকার পূর্ব ও পশ্চিমে ২টি অফিস স্থাপন;
 সাংগঠনিক কাঠামো সম্প্রসারণ ও শূণ্য পদে নিয়োগ সম্পন্নকরণ;
 বিদেশস্থ ৩০টি বাংলাদেশ মিশনে পাসপোর্ট ও ভিসা উইং সৃজনের মাধ্যমে অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ;
 সকল স্থল/নৌ/বিমানবন্দরের ইমিগ্রেশন কার্যক্রমে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী পদায়ন;
 অধিদপ্তরের ১ম শ্রেণির পদসমূহ ক্যাডারভুক্তকরণ।

২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- দেশের অভ্যন্তরে অধিদপ্তরের আওতাধীন ৪০টি অফিসে ই-পাসপোর্ট কার্যক্রম চালু করা হবে;
- ৩০টি ই-গেইট স্থাপন করা হবে;
- '১৭টি আঞ্চলিক পাসপোর্ট অফিসের ভবন নির্মাণ' প্রকল্পের আওতায় আরো ২টি অফিসের ভবন নির্মাণ কাজ সম্পন্ন করা হবে;
- '১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিসের ভবন নির্মাণ' প্রকল্পের আওতায় ৫টি অফিসের ভবন নির্মাণ কাজ শুরু করা হবে।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর

এবং

সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের .... মাসের .... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

বাংলাদেশি নাগরিকদের বহির্বিশ্বে ভ্রমণ নিরাপদকরণ এবং ইমিগ্রেশন প্রক্রিয়া সহজিকরণ।

১.২ অভিলক্ষ্য (Mission)

বাংলাদেশি নাগরিকদের বহির্বিশ্বে ভ্রমণ নিরাপদ করার লক্ষ্যে প্রত্যাশী সকল বাংলাদেশি নাগরিককে সহজে ও দ্রুততম সময়ে আন্তর্জাতিক মানের পাসপোর্ট প্রদান এবং বিদেশিদের বাংলাদেশে গমনাগমন/অবস্থান সহজিকরণের লক্ষ্যে ভিসা ইস্যু প্রক্রিয়া যুগোপযোগীকরণ এবং এয়ারপোর্টসমূহে ই-গেইট প্রবর্তনের মাধ্যমে সহজে ও দ্রুততম সময়ে ইমিগ্রেশন সম্পন্নকরণ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. পাসপোর্ট ও ভিসা ব্যবস্থাপনা আধুনিকায়ন
২. সহজ ও দ্রুততম উপায়ে নির্ভুল পাসপোর্ট ইস্যুকরণ
৩. বাংলাদেশি নাগরিকদের বিদেশ গমনাগমন নিরাপদকরণের লক্ষ্যে ই-পাসপোর্ট প্রদান
৪. ইমিগ্রেশন প্রক্রিয়া সহজ ও যুগোপযোগীকরণ
৫. বিদেশিদের বাংলাদেশে অবস্থান ও গমনাগমন সহজিকরণের লক্ষ্যে দ্রুততম সময়ে ভিসা প্রদান
৬. অবকাঠামোগত উন্নয়ন
৭. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে কর্মসূচি বাস্তবায়ন।
৮. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions)

১. বাংলাদেশি নাগরিকদের অর্ডিনারি/অফিসিয়াল/ডিপ্লোমেটিক পাসপোর্ট প্রদান;
২. পাসপোর্ট বাতিল, আটক ও রহিতকরণ;
৩. বিদেশি নাগরিকদের বিভিন্ন শ্রেণির ভিসার মেয়াদ বৃদ্ধিকরণ এবং অন এরাইভাল ভিসা প্রদান;
৪. সার্ক ভিসা এক্সাম্পশন স্টিকার প্রদান;
৫. বাংলাদেশিদের কালো তালিকা সংরক্ষণ এবং ভিসার জন্য বিদেশি নাগরিকদের কালো তালিকাভুক্তকরণ;
৬. বিদেশিদের পরিচিতি সনদ (Certificate of Identity) প্রদান;
৭. বিদেশি নাগরিকদের বাংলাদেশ হতে বহির্গমনের জন্য রুট পরিবর্তন অনুমতি দেওয়া;
৮. বিদেশস্থ বাংলাদেশ মিশনের কনস্যুলার উইংয়ের কার্যক্রমের সাথে সমন্বয় সাধন করা;
৯. পাসপোর্ট ও ভিসা ইস্যু সংক্রান্ত নীতিমালা প্রণয়ন ও ব্যাখ্যা প্রদানে সরকারকে সহায়তা করা;
১০. বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত যেকোনো দায়িত্ব পালন করা ইত্যাদি।

সেকশন ২

বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০১৮-১৯	প্রকৃত অর্জন* ২০১৯-২০	লক্ষ্যমাত্রা ২০২০-২১	প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩	নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন সেবা সহজিকৃত	নিষ্পত্তিকৃত পাসপোর্ট আবেদন	%	৭০	৬০	৬৫	৭০	৮০	১. বাংলাদেশ ডাক বিভাগ ২. ফেডারেল এক্সপ্রেস ৩. বাংলাদেশ পুলিশের বিশেষ শাখা ৪. ৬টি ব্যাংক(সোনালী ব্যাংক, ঢাকা ব্যাংক, প্রিমিয়ার ব্যাংক, ওয়ান ব্যাংক, ব্যাংক এশিয়া ও ট্রাস্ট ব্যাংক)	ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ হতে প্রাপ্ত প্রতিবেদন
	ই-পাসপোর্ট কার্যক্রম চালুকৃত	অফিসের সংখ্যা		২৪	৪০	৫		সুরক্ষা সেবা বিভাগ, অর্থ বিভাগ	'বাংলাদেশ ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রবর্তন' শীর্ষক প্রকল্প হতে প্রাপ্ত প্রতিবেদন
	নিষ্পত্তিকৃত ভিসা আবেদন	%	৯০	৭০	৭৫	৯০	৯৫	১. বাংলাদেশ পুলিশের বিশেষ শাখা ২. জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা ৩. বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ ৪. বেপজা ৫. পররাষ্ট্র মন্ত্রণালয় ৬. সোনালী ব্যাংক	ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কেন্দ্রীয় ডাটাবেজ হতে প্রাপ্ত প্রতিবেদন
	ই-গেইট স্থাপিত	সংখ্যা		৯	৩০	১১		সুরক্ষা সেবা বিভাগ, অর্থ বিভাগ	'বাংলাদেশ ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রবর্তন' শীর্ষক প্রকল্প হতে প্রাপ্ত প্রতিবেদন
অবকাঠামোগত উন্নয়ন	আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ কাজ সম্পন্নকৃত	অফিসের সংখ্যা	৩	১১	২	২	৫	সুরক্ষা সেবা বিভাগ, গণপূর্ত অধিদপ্তর, অর্থ বিভাগ	ভবন নির্মাণ প্রকল্পসমূহ হতে প্রাপ্ত প্রতিবেদন

*সাময়িক (provisional) তথ্য